



## প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্র প্রদান



### স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর

**উদ্দেশ্য :** রাজ্যে বসবাসকারী বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের শিক্ষা ও কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্যহীন এবং সমান সুযোগ দেওয়ার জন্য রাজ্য সরকার নানাবিধ কল্যাণমূলক প্রকল্পের ব্যবস্থা গ্রহণ করে সদর্খক ভূমিকা পালন করে থাকে। বিশেষভাবে সক্ষম ব্যক্তির যাতে নির্বাধগুটে প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্র পান সেজন্য দুয়ারে সরকার ক্যাম্পে আবেদনপত্র গ্রহণ করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার।

প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্র পাওয়ার জন্য আবেদন করতে হলে  
কী কী নথি প্রয়োজন :

- ১) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট মাপের ছবি।
- ২) আধার কার্ড
- ৩) আবেদনকারীর ঠিকানা সংক্রান্ত প্রমাণের জন্য নিচের যে কোনও একটি থাকা প্রয়োজন :
  - ক) পাসপোর্ট।
  - খ) ভোটার কার্ড।
  - গ) ড্রাইভিং লাইসেন্স।
  - ঘ) বিদ্যুতের বিল/ টেলিফোন বিল /জলের বিল সহ আবেদনকারীর ঠিকানা সম্বলিত অন্যান্য পরিষেবা সংক্রান্ত বিল।
  - ঙ) বসবাসের প্রমাণ হিসাবে পঞ্চায়েত, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, গেজেটেড অফিসার/সংশ্লিষ্ট পাটোয়ারী/সরকারি বিদ্যালয়ের প্রধানশিক্ষকের দেওয়া সার্টিফিকেট।
- ৮) ব্যাঙ্কের পাশবই
- ৯) রেশন কার্ড।
- ১০) শারীরিক/মানসিক ভাবে অক্ষম অনাথ ব্যক্তি যারা কোনও আবাসিক প্রতিষ্ঠানের বাসিন্দা, তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান-প্রধানের দেওয়া সার্টিফিকেট প্রয়োজ্য।

উপরোক্ত নথি-প্রমাণ সহ দুয়ারে সরকার ক্যাম্পের কাউন্টারে দেওয়া নির্দিষ্ট ফর্ম IV পূরণ করতে হবে।

পশ্চিমবঙ্গ সরকার